

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 14-12-2025**

**Time: 1.40 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১/ যুবভারতীতে আর্জেন্টিনার ফুটবল তারকা লিওনেল মেসির অনুষ্ঠানকে কেন্দ্র করে বিশ্বজুলার ঘটনায় মাঠ পরিদর্শন রাজ্যপালের।

# তদন্ত কমিটিও ঘটনাস্থল খতিয়ে দেখে এদিন।

২) উদ্যোক্তা শতদ্রু দণ্ডের ১৪ দিনের জেল হেফাজত।

৩) রাজ্য ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের মাধ্যমে ৩১ লক্ষ ৩৮ হাজারের বেশি ভোটারকে শুনানিতে ডাকা হবে বলে অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন।

# কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীর উপস্থিতিতে SIR-এর শুনানি করার দাবি জানিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

৪/ রক্ষণাবেক্ষণ ও মেরামতির কাজের জন্য দ্বিতীয় ভগলী সেতু আজ সকাল ৬টা থেকে আরও এক দফায় বন্ধ রয়েছে।

# রক্ষণাবেক্ষণের জন্য দক্ষিণ কলকাতার তারাতলা উড়ালপুলে মঙ্গলবার রাত ১২টা পর্যন্ত বন্ধ রয়েছে যান চলাচল।

৫) কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন আবহাওয়া মূলতঃ শুল্কই থাকবে।

০০০০০০০০০০০০০০০০

মেসির কলকাতা সফরকে কেন্দ্র করে বিশ্বজ্ঞলার ঘটনায় রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস, আজ ঘটনাস্থল খতিয়ে দেখছেন। তাঁর সঙ্গে রয়েছেন মুখ্যসচিব মনোজ পন্থ। গত সন্ধ্যায় যুবভারতীর পরিস্থিতি খতিয়ে দেখতে গেলেও গেট বন্ধ থাকায় ভেতরে চুক্তে পারেননি তিনি। এমনকি তিনি সেখানে পৌঁছতেই আলো নিভিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। কিছুক্ষণ অপেক্ষা করে সেখানে থেকে ফিরে যান ডষ্ট্র বোস। সাংবাদিকদের তিনি বলেন, এভাবে সত্য আড়াল করা যাবে না।

০০০০০০০০০০০০০০০০০০০

যুবভারতী ক্রীড়াঙ্গনে লিওলেন মেসির অনুষ্ঠানে গতকাল বিশ্বজ্ঞলার তদন্তে রাজ্য সরকারের গঠিত কমিটির সদস্যরা আজ মাঠ পরিদর্শন করেন। অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম রায় এর নেতৃত্বে মুখ্য সচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী সহ কমিটির অপর কয়েকজন সদস্য আজ সকালে যুবভারতী ক্রীড়াঙ্গনে পৌঁছে মেসি গতকাল যে গেট দিয়ে মাঠে প্রবেশ করেছিল সেখান দিয়ে প্রবেশ করে মাঠের পরিস্থিতি খতিয়ে দেখেন। বিভিন্ন অংশের ভিডিওগ্রাফিও করেন তারা। কথা বলেন মাঠ দেখভালের দায়িত্বে থাকা কয়েকজন কর্মীর সঙ্গে।

বিচারপতি অসীম রায়ের বাড়িতে গতকাল এই ঘটনা নিয়ে প্রাথমিক যে বৈঠক হয়েছে সেখানে ১৫ দিনের মধ্যে এই ঘটনার তদন্ত রিপোর্ট রাজ্য সরকারের কাছে জমা দেওয়া হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

উল্লেখ্য, যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল ভাংচুরের ঘটনায় পুলিশ দুটি মামলা রঞ্জু করেছে। স্টেডিয়াম ভাংচুরের ঘটনায়, বিধান নগর কমিশনার একটি স্বতঃপ্রবোদিত ও উদ্যোগাদের বিরুদ্ধে বিধাননগর দক্ষিণ থানা একটি মামলা রঞ্জু করেছে।

মূল উদ্যোগ শতদ্রু দত্ত কে আজ বিধান নগর আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজত দেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

যুবভারতী ক্রীড়াঙনে আজেন্টিনার ফুটবল তারকা লিওনেল মেসির অনুষ্ঠানকে কেন্দ্র করে বিশ্বখনার ঘটনায় উত্তাল রাজ্য রাজনীতি। ঘটনার বিচার বিভাগীয় তদন্তের আবেদন জানিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোসকে চিঠি দিয়েছেন। হৃগলীর বলাগগড়ে গতকাল দলের পরিবর্তন সংকল্প সভায় যোগ দিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে শ্রী অধিকারী জানান, হাইকোর্টের বিচারপতির নেতৃত্বে তদন্ত কমিটি গঠনের পাশাপাশি, টিকিটের দাম ফেরানো, অরূপ বিশ্বাস এবং সুজিত বসুকে মন্ত্রিসভা থেকে বরখাস্ত ও আইনি পদক্ষেপ গ্রহণের দাবিও তিনি জানিয়েছেন ওই চিঠিতে।

যুবভারতী ক্রীড়াঙনে মেসিকে নিয়ে সৃষ্টি পরিস্থিতি অত্যন্ত দুর্ভাগ্যজনক এবং কলকাতার লজ্জা বলে সিপিআইএম এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন। এই ঘটনার জন্য তিনি সরকারের কর্তা ব্যক্তিদের দায়ী করেন। কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেন, যুবভারতীর ঘটনায় কলকাতার ভাবমূর্তি নষ্ট হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সামাজিক মাধ্যমে এক পোস্টে এই ঘটনাকে 'দুর্ভাগ্যজনক' আখ্যা দিয়ে লিওনেল মেসি এবং সব ফুটবলপ্রেমীর কাছে ক্ষমা চেয়েছেন।

অন্যদিকে, যুবভারতী ক্রীড়াঙনে বিশ্বখনা সৃষ্টির ঘটনায় রাজ্য সরকার গঠিত তদন্ত কমিটি গতকালই বৈঠকে বসে। অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম কুমার রায়ের সভাপতিত্বে তাঁর কালীঘাটের বাড়িতে এই বৈঠক হয়। উপস্থিত ছিলেন মুখ্যসচিব মনোজ পন্থ।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা SIR এর মাধ্যমে ৩১ লক্ষ ৩৮ হাজার ৩৭৪ জন ভোটারকে শুনানিতে ডাকা হবে। অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী গতকাল আকাশবাণীকে একথা জানিয়ে বলেন, গত ২০০২ এর তালিকার সঙ্গে এই ভোটারদের ম্যাপিং হয়নি। বাবা-মা-সঙ্গে ভোটদাতার বয়সের

পার্থক্য ১৫ বছরের কম অথবা ৫০ বছরের বেশি হলে বিশেষ শুরুত্ব দিয়ে সেগুলি যাচাই করা হচ্ছে।

এদিকে, কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীর উপস্থিতিতে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-এসআইআর এর শুনানি করার দাবি জানিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি শ্রমীক ভট্টাচার্য। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, রাজ্য সরকার এবং পুলিশ নিরাপত্তার ব্যাপারে সম্পূর্ণ উদাসীন। সম্পূর্ণ প্রক্রিয়ার লাইভ স্ট্রিমিং এরও প্রয়োজন রয়েছে বলে তিনি মত প্রকাশ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০

চিতাবাঘের পরে উত্তরবঙ্গের জলপাইগুড়ির গরুমারা বন্যপ্রাণী বিভাগের আওতায় থাকা তিনটি জঙ্গলে বাঘ শুরু হতে চলেছে। আগামী মাসের মাঝামাঝি গরুমারা, চাপড়ামারির পাশাপাশি নেওড়াভ্যালি জঙ্গলেও বাঘ গণনা শুরু হবে বলে বনদফতর সূত্রে জানা গিয়েছে। এজন্য, একশোর বেশি ট্র্যাপ ক্যামেরা বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উল্লেখ্য, এর আগে বেশ কয়েক বছর ধরে সমতল থেকে প্রায় ১১ হাজার ফুট উঁচুতে অবস্থিত ন্যাওড়াভ্যালির জঙ্গলে ক্যামেরায় রয়েল বেঙ্গল টাইগারের অস্তিত্ব ধরা পড়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, ভগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য [www.newsonair.gov.in](http://www.newsonair.gov.in) -এ পাওয়া যাবে।  
আবেদন জানানোর শেষ তারিখ, ১৫'ই ডিসেম্বর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতার বিকেল ৫-১০ মিনিটের সংবাদের সময় আগামীকাল থেকে ৫ মিনিট বেড়ে ১০ মিনিটের হচ্ছে। একই সঙ্গে গ্রামাঞ্চলের খবর আরও বেশী করে শ্রোতাদের কাছে পৌঁছে দিতে বেলা ১২-৩০ এবং সন্ধ্যা ৬-৩৫ মিনিটের গ্রামীণ সংবাদের সময়সীমা ৩ মিনিটের বদলে ৫ মিনিটের হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জরুরী রক্ষণাবেক্ষণ ও মেরামতির কাজের জন্যে কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী বিদ্যাসাগর সেতু আরও এক দফায় সম্পূর্ণ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ সকাল ৬টা থেকে দুপুর ২টো পর্যন্ত এই সেতুর উপর দিয়ে সব ধরনের গাড়ি চলাচল বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশের তরফে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ট্র্যাক রক্ষণাবেক্ষণ কাজের জন্য আগামীকাল রাত ১১ টা ৪৫ মিনিট থেকে পরদিন (১৬'ই ডিসেম্বর) ভোর রাত সাড়ে তিনটে পর্যন্ত প্রায় চার ঘন্টা (২২৫ মিনিট) শিয়ালদা ও বিধাননগরের মধ্যে ১ নম্বর ব্রিজের ৫ নম্বর লাইনে ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এই কারণে আগামীকাল আপ ও ডাউন শিয়ালদা-নেহাটি লোকাল বাতিল থাকবে। শান্তিপুর-শিয়ালদা লোকালের ব্যারাকপুর স্টেশনে এবং বনগাঁ-শিয়ালদা লোকালের দমদম ক্যান্টনমেন্ট স্টেশনে যাত্রাপথ সংক্ষিপ্ত করা হয়েছে।

অন্যদিকে, আগামী ১৬ ডিসেম্বর শিয়ালদা-লালগোলা প্যাসেঞ্জার শিয়ালদা থেকে ভোর ৩ টে ৪৫ মিনিটের পরিবর্তে ছাড়বে ৪ টে ১৫ মিনিটে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জয়হিন্দ বিমানবন্দর থেকে শহীদ ক্ষুদ্রিম স্টেশন পর্যন্ত সরাসরি মেট্রো পরিষেবা শুরু হচ্ছে আজ। সকাল ও রাতের ব্যস্ত সময়ে এই করিডরের নোয়াপাড়া হয়ে পরীক্ষামূলকভাবে দুটি ট্রেন চলাচল করবে বলে মেট্রো কর্তৃপক্ষ জানিয়েছে।

প্রথম ট্রেনটি সকাল ৯ টা ৩৬ মিনিটে ও দ্বিতীয় ট্রেনটি রাত ৯ টায় জয়হিন্দ বিমানবন্দর স্টেশন থেকে ছাড়বে। সোম থেকে শুক্রবার এই পরিমেবা পাওয়া যাবে। এরফলে যাত্রীদের সময় বাঁচবে বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooooooooooooooooooo

উত্তর দিনাজপুরের ইসলামপুরের ঝলঝলি এলাকায় দুই গোষ্ঠীর সংঘর্ষের মাঝে পড়ে এক নাবালিকার মৃত্যু হয়েছে বলে অভিযোগ। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এলাকার দখল নিয়ে জাহিদ আলম ও নুর আলমের মধ্যে দীর্ঘদিন ধরে বিবাদ চলছিল। অভিযোগ, গতকাল রাতে নুর আলম ও তার লোকজন জাহিদ আলমের বাড়িতে হামলা চালায়। চলে গুলি, হয় বোমাবাজি।

গ্রান বাঁচাতে জাহিদ আলম বাড়ি থেকে পালিয়ে গেলেও, বাড়িতে ঘুমিয়ে ছিল ১২  
বছরের ওই নাবালিকা। গুলিতে জখম হয় সে। ইসলামপুর মহকুমা হাসপাতালে নিয়ে  
যাওয়া হলে তাকে মৃত বলে ঘোষণা করা হয়।

ঘটনায় চার অভিযুক্তকে গ্রেফতার করেছে ইসলামপুর থানার পুলিশ।

oooooooooooooooooooooooooooooooooooo

মুর্শিদাবাদের লালগোলায় নতুনগ্রামে অবৈধ মাদক কারবারের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে মহম্মদ কবির শেখের বাড়ি ও একটি গুদাম সিল করে দেওয়া হয়েছে। ভগবানগোলার SDPO জানিয়েছেন, আদালতের নির্দেশে তাঁরা গতকাল এই পদক্ষেপ গ্রহণ করেন। এটিকে সরকারি সম্পত্তি হিসেবে ঘোষণা করা হয়েছে।

জলপাইগুড়ির বানারহাটের মোগলকাটা চা বাগান বন্ধ হয়ে যাওয়ায় শ্রমিকরা সমস্যার পড়েছেন। তাঁদের ১৫ দিনের মজুরিও বকেয়া রয়েছে। শুক্রবার বকেয়া মজুরি দেওয়ার কথা থাকলেও শ্রমিকরা কাজ করতে গিয়ে দেখেন কর্তৃপক্ষ বাগান বন্ধ করে চলে গেছেন। মুখ্যমন্ত্রীর ঘোষণা অনুযায়ী তাঁদের ৪ শতাংশ বোনাসও দেওয়া হয়নি বলে তাঁরা জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা প্রেস ক্লাবের সভাপতি হিসেবে পুনর্নির্বাচিত হয়েছেন মেহাশীষ সুর। সম্পাদক পদে দায়িত্ব নিয়েছেন কিংশুক প্রামানিক। গতকাল ক্লাবের বার্ষিক সাধারণ সভা শেষে সাধারণ সদস্যদের ভোটাভুটিতে তারা নির্বাচিত হন।

অন্যদিকে যুগ্ম সহ-সভাপতি হিসেবে শৈবাল বিশ্বাস ও শুভদৃতি দত্ত নির্বাচিত হয়েছেন। বিনা প্রতিদ্বন্দ্বিতায় সহ সম্পাদক হয়েছেন নিতাই মালাকার। কোষাধ্যক্ষ পদে জয়ী হয়েছেন অরিজিং দত্ত। নয় সদস্যের এক্সিকিউটিভ কমিটির জন্য প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন ১৩ জন। তাদের মধ্যে অনিন্দিতা সিনহা, অংশু চক্রবর্তী, দেবাশীষ সেনগুপ্ত, দেবব্যানী লাহা ঘোষ, পুলক মিত্র, সত্যোর্বত ভট্টাচার্য, সুগত বন্দ্যোপাধ্যায়, সুমন গঙ্গোপাধ্যায় ও তাপস চক্রবর্তী জয়ী হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন আবহাওয়া মূলতঃ শুষ্কই থাকবে। কিছু কিছু জায়গায় সকালের দিকে কুয়াশার স্থাবনা।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা সামান্য কম।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পুরুলিয়া এবং বাঁকুড়া আদিবাসী অধ্যুষিত অঞ্চলে মানুষকে ভুল বুঝিয়ে SIR-এ অংশ গ্রহণ না করা এবং নাগরিকত্ব প্রত্যাহারের জন্য প্ররোচনা দেওয়ার অভিযোগে ধৃত গীতা হেমৱ্রমকে গতকাল পুরুলিয়া জেলা আদালতে তোলা হলে তিনদিনের পুলিশ হেফাজত হয়েছে। আদতে ওড়িশার বাসিন্দা ওই মহিলাকে গত শুক্রবার রাতে গ্রেপ্তার করে পুরুলিয়ার বান্দয়ান থানার পুলিশ। আদিবাসী মাঝি সরকার সংগঠনের নামে বাঁকুড়ার বারিকুল এবং রানিবাঁধ এলাকায় গীতা, ভুয়ো পরিচয় পত্র বিলি করেছে বলেও অভিযোগ।